গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেলা কার্যালয়, জলেশ্বরীতলা
বগুড়া।
www.dnc.bogra.gov.bd

নং-৫৮.০২.১০০০.১৫৫.০৩.০০৪.২২-৮৬৩

০৬ বৈশাখ, ১৪৩৩
তারিখঃ-----------------------
১৯ এপ্রিল, ২০২৬

বিষয়ঃ রচনা প্রতিযোগিতা আহ্বান।

সূত্রঃ-মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এর পত্র নং-৫৮.০২.০০০০.০০৯.০০.০২৩(অংশ-১)২১-২৭০ তারিখঃ-১৬ এপ্রিল, ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জুন, ২০২৬ **"মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস"**। তরুণ ও যুব সমাজের মধ্যে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৬" উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া কর্তৃক বগুড়া জেলার মাধ্যমিক ও তদুর্ধ্ব পর্যায়ে ছাত্র-ছাত্রীদের নিকট থেকে নিম্নবর্ণিত গ্রুপ ও বিষয়ে রচনা আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | গ্রুপ | শ্রেণী | ২০২৬ সালের জন্য বিষয়বস্তু |
|---|---|---|---|
| ০১ | 'ক' গ্রুপ | ৬ষ্ঠ, ৭ম, ৮ম শ্রেণী বা সমমান (সর্বোচ্চ ১০০০ শব্দ) | সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা |
| ০২ | 'খ' গ্রুপ | ৯ম, ১০ম শ্রেণী বা সমমান (সর্বোচ্চ ১৫০০ শব্দ) | তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামীর বাংলাদেশ। |
| ০৩ | 'গ' গ্রুপ | একাদশ, দ্বাদশ, স্নাতক ও সমমান (সর্বোচ্চ ২০০০ শব্দ) | মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মানের ভিত্তি। |

প্রতিযোগিতার নিয়মাবলীঃ

১) বগুড়া জেলার সকল স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীগণ এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
২) রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনা ফটোকপি গ্রহণযোগ্য নয়।
৩) প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যায়নরত শ্রেণী ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
৪) রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়নসহ দাখিল/প্রেরণ করতে হবে।
৫) খামের উপর রচনা প্রতিযোগিতা ঃ **"মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস"** লিখতে হবে।
৬) রচনা আগামী ১৪ মে, ২০২৬ তারিখের মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, জলেশ্বরীতলা, বগুড়া বরাবর সরাসরি/ডাকযোগে প্রেরণ করা যাবে।
৭) পুরস্কারঃ রচনা প্রতিযোগিতার প্রতিটি গ্রুপের প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অর্জনকারীকে পুরস্কার ও সনদ প্রদান করা হবে। পুরস্কার প্রদানের স্থান ও সময় পরবর্তীতে জানানো হবে।

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদেরকে বিষয়টি অবহিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৯/০৪/২০২৬

(মোঃ নজরুল ইসলাম)
সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ-০২৫৮৯৯১৫৫৩৫।
**E-mail: ddbogra@dnc.gov.bd**

প্রাপক
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
..............................
..............................

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
৪। জেলা শিক্ষা অফিসার, বগুড়া (তাঁকে শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক মহোদয়গণকে অবহিত করণের অনুরোধসহ)।
৫। পরিদর্শক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৬। অফিস কপি/মাস্টার ফাইল।